গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd

তারিখঃ ২৮/০৭/২০২৫ খ্রি.

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরুর সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রকাশিত স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৪৫৫, তারিখ: ২৪ জুলাই, ২০২৫ এর একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগে অনলাইনে শিক্ষার্থী ভর্তি করা হবে। এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। বিভাগ ভিত্তিক আসন সংখ্যা ও আবেদনের ন্যূনতম যোগ্যতা নিম্নরূপঃ

| বিভাগ | আসন সংখ্যা | আবেদনের ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|
| বিজ্ঞান | ২৫০ | ৪.৭৫ |
| ব্যবসায় শিক্ষা | ৩৫০ | ৪.০০ |
| মানবিক | ৪০০ | ৪.০০ |

১. ভর্তির আবেদনের ওয়েবসাইটঃ www.xiclassadmission.gov.bd

২. ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচনঃ

ক) পূর্ববর্তী ০৩ (তিন) বছরে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫ অনুসারে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ) বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা-২০২৫ এর ধারা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

গ) ভর্তির আবেদনে একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবেঃ

- বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোনটি;
- মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোনটি;
- ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোনটি;
- মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান গ্রুপে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোনটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান গ্রুপ ব্যতীত যে কোনটি;
- কারিগরি শিক্ষা বোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যে কোন গ্রুপে ভর্তির আবেদন করতে পারবে।

৩. ভর্তির আবেদন, ফলাফল প্রকাশ ও নিশ্চায়নের সময়সূচি নিম্নরূপঃ

| অনলাইনে আবেদন | আবেদনের তারিখ | ফলাফল প্রকাশের তারিখ | শিক্ষার্থী কর্তৃক নিশ্চায়নের তারিখ |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ৩০/০৭/২০২৫ তারিখ (বুধবার) হতে ১১/০৮/২০২৫ তারিখ (সোমবার) পর্যন্ত | ২০/০৮/২০২৫ তারিখ (বুধবার) রাত ৮:০০ টায় | ফল প্রকাশের পর থেকে ২২/০৮/২০২৫ তারিখ (শুক্রবার) রাত ৮:০০ টা পর্যন্ত |
| ২য় পর্যায় | ২৩/০৮/২০২৫ তারিখ (শনিবার) হতে ২৫/০৮/২০২৫ তারিখ (সোমবার) রাত ৮:০০ টা পর্যন্ত | ২৮/০৮/২০২৫ তারিখ (বৃহস্পতিবার) রাত ৮:০০ টায় | ২৯/০৮/২০২৫ তারিখ (শুক্রবার) হতে ৩০/০৮/২০২৫ তারিখ (শনিবার) রাত ৮:০০ টা পর্যন্ত |
| ৩য় পর্যায় | ৩১/০৮/২০২৫ তারিখ (রবিবার) হতে ০১/০৯/২০২৫ তারিখ (সোমবার) পর্যন্ত | ০৩/০৯/২০২৫ তারিখ (বুধবার) রাত ৮:০০ টায় | ০৪/০৯/২০২৫ তারিখ (বৃহস্পতিবার) রাত ৮:০০ টা পর্যন্ত |

**৪. নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তিঃ ০৭/০৯/২০২৫ রবিবার হতে ১৪/০৯/২০২৫ রবিবার পর্যন্ত;**

**৫. ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরুঃ ১৫ সেপ্টেম্বর, ২০২৫ (সোমবার)।**

বি.দ্রঃ প্রয়োজনীয় সকল তথ্য কলেজ ওয়েবসাইট www.bbagc.edu.bd এবং ফেসবুক পেইজ Bbacollege Gazipur-এ পাওয়া যাবে।

28.7.25
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর

অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর